JAN. 03 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা · কলাম ·· ·······

ভোরের কাগজ

# বেসরকারি শিক্ষক-কর্মচারীদের ডিসেম্বর মাসের বেতন-ভাতার সরকারি অংশ অবমুক্ত

বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মদ্রাসা), এবং কারিগরি বেসরকারি এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের ২০০১ সালের ডিসেম্বর মাসের বেতন-ভাতার সরকারি অংশ সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে। আগামী ১৫ জানুয়ারির মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক থেকে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে। যারা ২০০১-২০০২ অর্থ বছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ব্যক্তিগত একাউন্টের মাধ্যমে উক্ত সময়ের বকেয়া টাকা এই সঙ্গে উত্তোলন করতে পারবেন বলে সংস্থার পক্ষ থেকে জানানো হয়েছে। তথ্য বিবরণী।